



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ৭২২/ক/অনু:/২০১৫/২০৮

তারিখ: ৩০/০৬/২৪

বিষয়: নির্বাহী কমিটি বাতিল এবং পাঠদানের প্রাথমিক অনুমতি প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র: (১) বোর্ডের স্মারক নং- ৭২২/ক/অনু:/২০১৫/১৫৫, তাং-০৩/০৪/২০২৪ ও স্মারক নং- ৭২২/ক/অনু:/২০১৫/১৫৫, তাং-০৩/০৪/২০২৪ এর আলোকে গঠিত তদন্ত কমিটির ২০/০৫/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত তথ্য ও সুপারিশ অনুযায়ী জানানো যাচ্ছে যে,

(ক) ঢাকা মহানগরীর উত্তরা থানাধীন “স্ট্যামফোর্ড কলেজ উত্তরা” প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠাতা সভাপতি জনাব ফাতিমাজ ফিরোজ এর মাধ্যমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা- কর্তৃক (স্মারক নং- ৭২২/ক/অনু:/২০১৫/৮৯ তারিখ: ২৩/০৭/২০১৫) ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (বাড়ি-৫০, রোড-১৭, সেক্টর-১১, উত্তরা, ঢাকা) ঠিকানায় পাঠদানের অনুমতি লাভ করে। অনুমতিপত্রের (২)নং শর্তে উল্লেখ ছিল আগামী ০৩(তিন) বছরের মধ্যে কলেজের নিজস্ব জমিতে ভবন নির্মাণ সম্পন্ন করতে হবে এবং বোর্ডের পূর্বানুমতিক্রমে কলেজটি নিজস্ব ক্যাম্পাসে স্থানান্তর করতে হবে। প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা সভাপতি জনাব ফাতিমাজ ফিরোজ কর্তৃক কলেজ হস্তান্তর হয় গত ২৯/০৬/২০২২ তারিখে। বর্তমানে প্রতিষ্ঠানটি হস্তান্তরমূলে বাড়ি-১৩, রোড-১৫, সেক্টর-০৬, উত্তরা, ঢাকা-এ ভাড়া বাড়ীতে ১ম, ২য় ও ৩য় ফ্লোর এ পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে।

(খ) বোর্ড কর্তৃক ১০/০৮/২০১৫ তারিখে ১ম নির্বাহী কমিটি গঠনের অনুমতি লাভ করে এবং ১৭/০৯/২০১৭ তারিখে জনাব ফাতিমাজ ফিরোজকে সভাপতি মনোনয়নপূর্বক নির্বাহী কমিটি অনুমোদন লাভ করে। ২০১৯-২০২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষে বর্ণিত প্রতিষ্ঠানে একজনও শিক্ষার্থী ভর্তি না হওয়ার কারণে ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক প্রতিষ্ঠানটির প্যানেল বন্ধ করে দেওয়া হয়। প্যানেল বন্ধ করে দেয়ার পর পরিদর্শন করে তদন্ত কর্মকর্তার ২২/০৮/২০২২ তারিখের তদন্ত প্রতিবেদনের আলোকে ০৬/০৯/২০২২ তারিখে প্যানেল খুলে দেয়া হয় এবং পাঠদানের মেয়াদ ০১/০৭/২০১৮ হতে ৩০/০৬/২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

(গ) সূত্রোক্ত তদন্ত প্রতিবেদনের ১নং সুপারিশে উল্লেখ আছে, “বোর্ড কর্তৃক প্রাথমিক পাঠদানের অনুমতি পত্রের শর্তসমূহের ৭ ও ৮ নং শর্ত ভঙ্গ করে প্রতিষ্ঠান পরিচালনা করা হচ্ছে এবং অধ্যক্ষসহ অন্যান্য সকল শিক্ষক-কর্মচারী, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারি নিয়োগ বিধিমালা-১৯৮২ অনুযায়ী বিধিসম্মতভাবে সম্পন্ন করা হয়নি।”

(ঘ) সূত্রোক্ত তদন্ত প্রতিবেদনের ২নং সুপারিশে উল্লেখ আছে, “বোর্ড কর্তৃক গত ১০/০৩/২০২৪ তারিখে অনুমোদিত নির্বাহী কমিটি ‘মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯’ এর ৪৮(১) এর ক ও খ বর্ণিত প্রতিষ্ঠাতা সদস্য ও দাতা সদস্য সম্পর্কিত বিধি ভঙ্গ করে নির্বাহী কমিটি গঠন করা হয়েছে। যাহা বিধিসম্মত নয়।”

(ঙ) সূত্রোক্ত তদন্ত প্রতিবেদনের ৩নং সুপারিশে উল্লেখ আছে, “প্রতিষ্ঠানটি স্থানান্তর এর বিষয়ে বোর্ডের অনুমতি গ্রহণ করা হয়নি। স্থানান্তর এর জায়গায় ভাড়া বাড়ীতে পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে।”

এমতাবস্থায় (১) তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী, বোর্ডের ১০/০৩/২০২৪ তারিখের ৭২২/ক/অনু:/২০১৫/১৩৬ নং স্মারকে অনুমোদিত নির্বাহী কমিটি কেন বাতিল করা হবে না মর্মে আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জবাব দাখিল করতে হবে।

(২) প্রতিষ্ঠানটি বিভিন্ন সময় শর্ত ভঙ্গ করায় কেন পাঠদানের প্রাথমিক অনুমতি প্রত্যাহার করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর জুঁঞা

কলেজ পরিদর্শক (অতি: দা:) ও বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি, নির্বাহী কমিটি ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

স্ট্যামফোর্ড কলেজ উত্তরা (EIN - 137717)

উত্তরা, ঢাকা মহানগরী।

মেমো নং - ২০৮ (৬)

তারিখ: ৩০/০৬/২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৫. একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

কলেজ পরিদর্শক (অতি: দা:) ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

Handwritten signature